

সিলেট সিটি কর্পোরেশনের ২৬ নং ওয়ার্ডে পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতামূলক ক্যাম্পেইন র্যালি অনুষ্ঠিত

“যত্র-তত্র ময়লা ফেলা বর্জন করি, ডাষ্টবিন ব্যবহার করি, পরিচ্ছন্ন ওয়ার্ড গড়ি। আমার ওয়ার্ড আমার অহংকার, আমার দায়িত্ব রাখবো পরিষ্কার” এ স্লোগানকে সামনে রেখে সিলেট সিটি কর্পোরেশনের ২৬ নং ওয়ার্ডে শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক এক র্যালি গত ৩০ মে ২০২৩ সালে ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র রোটারিয়ান জনাব তৌফিক বক্স এর সার্বিক ব্যবস্থাপনায় তথা ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির উদ্যোগে এক সচেতনতামূলক র্যালি অনুষ্ঠিত হয়।

ডব্লিউএলসিসি কমিটির সম্মানিত সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সচিব জনাব সুলতান আহমেদের পরিচালনায় উক্ত র্যালিপূর্ব সভায় কাউন্সিলর জনাব তৌফিক বক্স বলেন, আমরা সকলে মিলে ২৬ নং ওয়ার্ডকে পরিচ্ছন্ন ও মডেল ওয়ার্ড করতে চাই। এজন্য ওয়ার্ডের সকল শ্রেণীর ছোট বড় সকলে মিলে কাজ করতে হবে। ছাত্র-ছাত্রীরা স্কুলে রাখা ডাষ্টবিনে ময়লা-আবর্জনা নিয়মিত ফেলবেন, এ ব্যাপারে সম্মানিত শিক্ষক শিক্ষিকাগণ নিয়মিত তদারকি করবেন। অভিভাবক সমাবেশে পরিচ্ছন্নতার বিষয়ে শিক্ষক-শিক্ষিবৃন্দ কথা বলবেন। এবং সকল ছাত্র-ছাত্রীরা বাসায় বা বাড়ীতে গিয়ে প্রত্যেকের পিতামাতার সাথে আজকের র্যালির বিষয়ে আলোচনা করবেন। সিলেট সিটি কর্পোরেশনে



প্রতিদিন যে পরিমাণ আবর্জনা জমা হয় তা সংগ্রহ ও অপসারণ করা অনেক কষ্টসাধ্য কাজ। আবর্জনা কমাতে পারলে ময়লা অপসারণ ও সংগ্রহ করা সহজ হতো। এজন্য আমি চাই প্রত্যেক ঘরে ২টি ডাষ্টবিন থাকবে। একটিতে পলিথিন, কাগজসহ শুকনো আবর্জনা জমা রাখবেন এবং অপর ডাষ্টবিনে রান্নাঘরের উশিষ্ট অংশগুলো জমা রাখবেন। শুকনো আবর্জনা কিছুদিন পরপর পুড়িয়ে ফেলতে হবে আর রান্নাঘরের ময়লা আবর্জনা বহনকারী ভ্যানে নিয়মিত দিতে হবে।

কদমতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মনিরা চৌধুরী বলেন, আমরা কাউন্সিলর মহোদয়ে সাথে একমত পোষণ করছি। এ ব্যাপারে আমি আমার স্কুলের সহকারি শিক্ষিকাবৃন্দ, ছাত্র-ছাত্রী সবাই সম্মিলিতভাবে কাজ চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।

এছাড়া, সভায় বক্তব্য রাখেন, সহকারী শিক্ষিকা শিল্পী রানী, রওশন আরা প্রমুখ গন্যমান্য ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন।

র্যালিতে মোট ৭৯ জন ছাত্র-ছাত্রীসহ, শিক্ষক-শিক্ষিকা ও ডব্লিউএলসিসির সদস্যগণ অংশগ্রহণ করেন।

র্যালিটি উক্ত বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে সিলেট-জকিগঞ্জ সড়কের প্রায় দেড় কিলোমিটার ঘুরে এসে কদমতলী ওভারব্রিজ পয়েন্টে এসে শেষ হয়।